

# দিনাজপুর জুবিলী উচ্চ বিদ্যালয়

বার্ষিক পরীক্ষা-২০২০

শ্রেণি : চতুর্থ

বিষয় : ইসলাম ও নৈতিক শিক্ষা

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান : ১০০

১। নিচের প্রশ্নগুলোর সংক্ষেপে উত্তর দাও :

১৫ × ২ = ৩০

- ক) ইমানে মুফাসসলে কয়টি বিষয়ের উল্লেখ আছে ?  
খ) আসমানি কিতাব কত খানা ?  
গ) তকদির কাকে বলে ?  
ঘ) মাগরিব নামাজের ওয়াক্ত কখন শুরু ও শেষ হয় ?  
ঙ) তাহরাত সম্পর্কে মহানবি (স) কী বলেন ?  
চ) শিক্ষকের সাথে দেখা হলে কী করব ?  
ছ) সত্যবাদী কাকে বলে ?  
জ) অপচয় অর্থ কী ?  
ঝ) প্রতিবেশী কারা ?  
ঞ) আরবি হরফ কয়টি ?  
ট) কুরআন মজিদ কার বাণী ?  
ঠ) মুহাম্মদ শব্দের অর্থ কী ?  
ড) প্রাচীনকালে মিশরের বাদশাহকে কী বলা হতো ?  
ঢ) মহানবি (স) বড়দের সাথে কেমন ব্যবহার করতেন ?  
ণ) প্রতিবেশী ক্ষুধার্ত হলে আমরা কী করব ?

২। শূন্যস্থান পূরণ কর : (যেকোনো ১২টি)

১২ × ১ = ১২

- ক) যার ইমান আছে তাকে বলে ..... ।  
খ) ইসলামের মূল কথাই হলো ..... ।  
গ) ইমান অর্থ ..... ।  
ঘ) পবিত্রতা ..... অঙ্গ ।  
ঙ) ওয়ু ছাড়া ..... হয় না ।  
চ) গোসলের ফরয .....টি ।  
ছ) মায়ের পায়ের নিচে সন্তানের ..... ।  
জ) যে সত্য কথা বলে তাকে ..... বলা হয় ।  
ঝ) শিক্ষকদের সাথে সবসময় ..... ব্যবহার করব ।  
ঞ) কুরআন মজিদের ..... আরবি ।  
ট) কুরআন মজিদ আল্লাহ তায়ালার ..... ।  
ঠ) টেনে পড়াকে ..... বলে ।

ড) কুরআন মজিদে ..... জন নবী-রাসুলের নাম উল্লেখ আছে।

ঢ) প্রাচীনকালে মিশরের বাদশাহকে ..... বলা হতো।

৩। বামপাশের কথাগুলোর সাথে ডানপাশের কথাগুলো মিল করে খাতায় লিখ:  $৫ \times ২ = ১০$

বামপাশ	ডানপাশ
ক) আমাদের সৃষ্টি	ইমান রাখব।
খ) শাহাদত অর্থ	পরিবর্তন করেন।
গ) আমরা সকল নবি-রাসুলের প্রতি	আল্লাহ।
ঘ) প্রত্যেক প্রাণীকে	সাম্ফ্য দেওয়া।
ঙ) আল্লাহতায়লা দিন রাতের	প্রকৃত ইমান
	মৃত্যুবরণ করতে হবে।
	মরণ আছে।

৪। নিচের প্রশ্নগুলোর উত্তর লিখ : (যেকোনো ৮টি)  $৬ \times ৮ = ৪৮$

ক) মানব জাতি সৃষ্টির পূর্বে আল্লাহ ফেরেশতা তৈরি করেন। ফেরেশতার সাদা-সর্বদা আল্লাহর ইবাদতে মশগুল থাকেন। ফেরেশতার কিসের তৈরি? প্রসিদ্ধ ফেরেশতা কতজন এবং তাদের নাম লেখ। হযরত জিবরাইল (আ) কী কাজ করতেন?

খ) পবিত্র কুরআনে কতজন নবির নাম উল্লেখ আছে? প্রথম ও শেষ নবির নাম কী? পবিত্র কুরআনে যে সকল নবির নাম আছে তাদের মধ্য থেকে চারজনের নাম লিখ।

গ) যে ব্যক্তি পবিত্র থাকে আল্লাহ তাকে ভালোবাসেন। পবিত্রতা অর্জনের অনেক নিয়ম রয়েছে। তার মধ্যে উত্তম নিয়ম হলো ওয়ু। ওয়ুর ফরজ কয়টি? ওয়ুর ফরজগুলো লেখ।

ঘ) সপ্তাহের কোন দিন জুমুআর নামায আদায় করতে হয়? জুমুআর নামায মোট কত রাকআত? জুমুআর দিনের যেকোনো তিনটি সুন্নাহ লেখ।

ঙ) তোমার আব্বু তোমাকে বলল, চরিত্রবান ব্যক্তিকে সবাই ভালোবাসে, আদর করে, স্নেহ করে, তাই তুমি তোমার চরিত্রকে সুন্দর করো। সুন্দর স্বভাব ও ভালো চরিত্রকে কী বলে? সুন্দর চরিত্র অর্জনের ৪টি উপায় বর্ণনা করো।

চ) কার পায়ের নিচে সন্তানের জান্নাত? মাতা-পিতার জন্য তুমি কোন দোয়াটি করবে তা লেখ। মাতা-পিতার সাথে কেমন ব্যবহার করবে সে সম্পর্কে ৪টি বাক্য লিখ।

ছ) তোমার আব্বু তোমাকে বলল, তুমি শুদ্ধভাবে মাখরাজ ও তাজবিদসহ কুরআন তিলাওয়াত শিখবে। তাজবিদ কাকে বলে? আরবি হরফের মাখরাজ কয়টি? আরবি হরফ উচ্চারণের ৪টি স্থানের নাম লেখ।

জ) কুরআন মজিদ তিলাওয়াত করলে প্রত্যেক হরফের জন্য ১০টি সাওয়াব পাওয়া যায় কীভাবে? ৫টি বাক্যে লিখ।

ঝ) আল্লাহ তায়লা যে সকল নবি-রাসুল প্রেরণ করেছেন তার মধ্যে হযরত মুসা (আ) অন্যতম। মুসা (আ) কত সালে কোন দেশে জন্মগ্রহণ করেন? তাঁর প্রতি কোন কিতার নাযিল হয়? তিনি কত বছর জীবিত ছিলেন?

ঞ) আল্লাহ ও রাসুলের আদেশ অমান্য করায় হুদ জাতির ওপর কেমন আজাব নেমে এসেছিল তা পাঁচটি বাক্যে লিখ।